

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
প্রশাসন শাখা  
[www.rthd.gov.bd](http://www.rthd.gov.bd)


নং-৩৫.০০.০০০০.০০৮.১৮.০০৮.১১-৫০৬

তারিখঃ ২৫ চৈত্র ১৪২৫  
০৮ এপ্রিল ২০১৯

বিষয় : ইলেকট্রনিক এ্যাটেনডেন্স ডিভাইসের মাধ্যমে ডিজিটাল পদ্ধতিতে কর্মকর্তা/কর্মচারীদের দৈনন্দিন হাজিরা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতির তথ্য ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণের নিমিত্ত ৯ম তলায় ০৩টি পৃথক স্থানে ইলেকট্রনিক এ্যাটেনডেন্স ডিভাইস স্থাপন করা হয়েছে। নিয়মানুযায়ী এ পদ্ধতিতে সকল কর্মকর্তা/কর্মচারী সকাল ৯.৩০ মিনিট পর্যন্ত আঞ্জুলের ছাপ (ফিঞ্জার প্রিন্ট) অথবা মুখমন্ডলের ছাপ (ফেইস রিকগনিশন) প্রদানের মাধ্যমে উপস্থিতির রেকর্ড সংরক্ষণের ব্যবস্থা রয়েছে। সকাল ৯.৩০ মিনিটের পর স্বয়ংক্রিয়ভাবে বিলম্ব উপস্থিতি রেকর্ড হবে। প্রসঙ্গে উল্লেখ্য যে, এক্ষেত্রে প্রত্যেক কর্মকর্তা/কর্মচারী কর্তৃক এ্যাটেনডেন্স ডিভাইসে স্ব স্ব আঞ্জুলের ছাপ এবং মুখমন্ডলের ছাপ অন্তর্ভুক্ত রাখা অপরিহার্য। ছাপ গ্রহণের ক্ষেত্রে এ বিভাগের আইসিটি ইউনিট (কক্ষ নং-৮১৯) সহযোগিতা প্রদান করবে।

০২. এমতাবস্থায়, এ বিভাগে কর্মকর্তা/কর্মচারীগণকে ইলেকট্রনিক এ্যাটেনডেন্স ডিভাইসে আঞ্জুল এবং মুখমন্ডলের ছাপ অন্তর্ভুক্ত করার মাধ্যমে আগামী ১৫ এপ্রিল ২০১৯/০২ বৈশাখ ১৪২৬ তারিখ হতে ইলেকট্রনিক এ্যাটেনডেন্স ডিভাইসে অফিসে উপস্থিতি নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

  
(মোহাঃ লিয়াকত আলী খান)  
সহকারী সচিব  
ফোন : ৯৫৮৪১২৮

ই-মেইলঃ [asadmin@rthd.gov.bd](mailto:asadmin@rthd.gov.bd)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ০১। অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০২। যুগ্মসচিব (সকল)/যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০৩। উপসচিব (সকল)/উপপ্রধান (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট/সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার/প্রোগ্রামার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০৫। সিনিয়র সহকারী সচিব (সকল)/সহকারী সচিব (সকল)/সিনিয়র সহকারী প্রধান (সকল)/সহকারী প্রধান (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০৬। সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০৭। হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০৮। প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০৯। ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

**অনুলিপি:**

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।